

তারিখ: ২৪.০৬.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

### ফিলিস্তিনের জনগণের পাশে দাঁড়াতে চট্টগ্রামে জনমত গঠনের উদ্যোগ নেব: মেয়র ডা. শাহাদাত

ফিলিস্তিনের গাজায় চলমান ইসরায়েলি আগ্রাসন ও গণহত্যার শিকার নিরীহ মুসলিম জনগণের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র ডা. শাহাদাত হোসেন। সোমবার রাতে রাজধানীর বারিধারায় বাংলাদেশে নিযুক্ত ফিলিস্তিনের রাষ্ট্রদূত ইউসুফ এস ওয়াই রামাদানের সঙ্গে এক সৌজন্য সাক্ষাতে তিনি এই সমবেদনা জানান। এতে দূতবাসের কর্মকর্তারাও উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে মেয়র ডা. শাহাদাত হোসেন বলেন, ‘ফিলিস্তিনের নিরীহ জনগণ দীর্ঘদিন ধরে দখলদার ইসরায়েলি বাহিনীর জুলুম, নিপীড়ন ও মানবাধিকার লঙ্ঘনের শিকার হয়ে আসছে। একজন মানবিক নাগরিক এবং জনপ্রতিনিধি হিসেবে আমি মনে করি, এই দুঃসময়ে তাদের পাশে দাঁড়ানো আমাদের নৈতিক দায়িত্ব।’ চট্টগ্রামের জনগণকে ফিলিস্তিনের সংগ্রামের সঙ্গে সম্পৃক্ত করতে রাষ্ট্রদূতকে চট্টগ্রাম সফরের আমন্ত্রণ জানান মেয়র। তিনি বলেন, ‘আমি চাই, চট্টগ্রামের মানুষ সরাসরি ফিলিস্তিনের মানুষের কষ্ট এবং সংগ্রামের কথা জানুক। রাষ্ট্রদূত ও তার প্রতিনিধিদলকে নিয়ে চট্টগ্রামে একটি জনমত গঠনের কর্মসূচি আয়োজন করব।’



রাষ্ট্রদূত ইউসুফ এস ওয়াই রামাদান মেয়রের এই মানবিক উদ্যোগের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, ‘বাংলাদেশ সব সময় ফিলিস্তিনের পাশে থেকেছে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেনের এই উদারতা আমাদের জন্য অত্যন্ত প্রেরণাদায়ক।’

সভায় সিদ্ধান্ত হয়, রাষ্ট্রদূত ও তার প্রতিনিধিদল শিগগিরই চট্টগ্রাম সফর করবেন এবং সেখানে পেশাজীবী, নাগরিক সমাজ ও রাজনৈতিক নেতৃবৃন্দের সঙ্গে মতবিনিময় করবেন। মেয়র আশা প্রকাশ করেন, ফিলিস্তিন ও বাংলাদেশের বন্ধুত্ব ও ভ্রাতৃত্ব ভবিষ্যতেও অটুট থাকবে।

পরে তিনি রাষ্ট্রদূতের দেওয়া নৈশভোজে অংশ গ্রহণ করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮